

বিরোধী দলীয় নেত্রী বেগম খালেদা জিয়া সকাশে তারেক রহমান মুক্তি পরিষদ অস্ট্রেলিয়ার আহ্বায়ক



অস্ট্রেলিয়াস্থ তারেক রহমান মুক্তি পরিষদের আহ্বায়ক মিসেস সাইয়েদা খানম আঙ্গুর সম্প্রতি বাংলাদেশ সফরে গেলে বাংলাদেশ জাতীয় সংসদের বিরোধী দলীয় নেত্রী ও বিএনপি চেয়ারপারসন দেশনেত্রী বেগম খালেদা জিয়ার সাথে এক সৌজন্য সাক্ষাতে মিলিত হন। সাক্ষাতে তারা বাংলাদেশের বর্তমান পরিস্থিতি নিয়ে আলোচনা করেন। অবৈধ তত্ত্বাবধায়ক সরকার এর সময়কালীন সহ বিভিন্ন সময়ে আহ্বায়ক দেলোয়ার হোসেনের নেতৃত্বে বিএনপি অস্ট্রেলিয়া ও এর অঙ্গ সংগঠন সমূহের বিভিন্ন কর্মসূচী সম্পর্কে নেত্রীকে অবহিত করেন। বেগম জিয়া ধৈর্য সহকারে তার কথা শুনে এবং তিনি মিসেস আঙ্গুর এর মাধ্যমে অস্ট্রেলিয়া বসবাসরত প্রবাসি বাংলাদেশীদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। বেগম জিয়া দৃঢ়তার সাথে বলেন যে প্রবাসী বাংলাদেশীদের আন্দোলন বৃথা যাবে না। তিনি আরো বলেন বিএনপিকে ধ্বংস করার অপচেষ্টা রুখতে ও দেশকে বাঁচাতে বাংলাদেশ সহ সমগ্র বিশ্বে অবস্থানরত সকল বাংলাদেশীদের ঐক্যবদ্ধ আন্দোলন বর্তমান সরকারের যোগসাজসে বিদেশী প্রভুদের সকল ষড়যন্ত্র নস্যং করে দেবে।

মিসেস আঙ্গুর বিএনপি অস্ট্রেলিয়া ও তার অঙ্গ সংগঠনসমূহ বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদল, বাংলাদেশ জাতীয়তাবাদী যুবদল, জিয়া পরিষদ, বাংলাদেশ জাতীয়তাবাদী মহিলা দল, তারেক রহমান ফ্রিডম এলায়েন্স ও বাংলাদেশ জাতীয়তাবাদী সামাজিক সাংস্কৃতিক সংগঠন উদ্যোগে আয়োজিত অস্ট্রেলিয়ান ফেডারেল পার্লামেন্ট অবস্থান ও বাংলাদেশ দুতাবাস ঘেরাও কর্মসূচী সহ বিভিন্ন সময়ে বর্তমান আওয়ামী সরকারের আমলে বেগম জিয়া সহ বিভিন্ন নেতা কর্মীদের মিথ্যে মামলা দিয়ে হয়রানীর প্রতিবাদে আয়োজিত বিক্ষোভ সমাবেশ সহ অস্ট্রেলিয়ার বিভিন্ন সরকারী দপ্তরে দেয়া মেমোরেণ্ডাম সহ ডকুমেন্ট বেগম জিয়ার নিকট হস্তান্তর করেন। বেগম জিয়া বিএনপি অস্ট্রেলিয়া ও তার অঙ্গ সংগঠন সমূহের নেতৃত্বদের কর্মকাণ্ডে সন্তোষ প্রকাশ করেন এবং তিনি আহ্বায়ক দেলোয়ার হোসেনের নেতৃত্বে কাজ করে বিএনপি অস্ট্রেলিয়া শক্তি করে গড়ে তোলার জন্যে অস্ট্রেলিয়া প্রবাসী সকল নেতা-কর্মীদের প্রতি আহ্বান জানান।

এখানে উল্লেখ্য যে মিসেস আঙ্গুর অস্ট্রেলিয়া আসার পূর্বে ১৯৮২ থেকে ১৯৯১ সাল পর্যন্ত ঢাকা বিশ্ববিদ্যালয় শামসুন নাহার হল ছাত্রদলের সভাপতির দায়িত্ব পালন করেন। ৯০ এ স্বৈরাচার এরশাদ বিরোধী গন আন্দোলনের মিসেস আঙ্গুরের অবদান অনস্বীকার্য। বিবাহভোর তিনি অস্ট্রেলিয়া প্রবাসী হন এবং সিডনিতে বসবাস শুরু করেন। প্রবাসেও তিনি সমভাবে বিএনপি আদর্শে উজ্জীবিত থেকে কাজ করে যাচ্ছেন। তিনি রাজনীতির পাশাপাশি বিভিন্ন সামাজিক কর্মকাণ্ডে জড়িত। সম্প্রতি ৭ই জুন ২০০৯ অনুষ্ঠিত নির্বাচনে বাংলাদেশ এসোসিয়েশন অব অস্ট্রেলিয়ার প্রথম মহিলা সভাপতে নির্বাচিত হন।